



আওয়ামী আমলের ডেপুটি গভর্নর হলেন ইসলামী ব্যাংকের চেয়ারম্যান



খুরশিদ আলম। ছবি: সংগৃহীত

বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর মো. খুরশীদ আলমকে ইসলামী ব্যাংকের নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। রোববার ব্যাংকটির চেয়ারম্যান জুবাইদুর রহমানের পদত্যাগের পর কেন্দ্রীয় ব্যাংক এ সিদ্ধান্ত নেয়। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক থেকে ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের কাছে আনুষ্ঠানিক চিঠি পাঠানো হয়েছে বলে জানা গেছে। খুরশীদ আলম ২০২৪ সালের ফেব্রুয়ারিতে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর পদে চুক্তিভিত্তিক নিয়োগ পান। তাকে তিন বছরের জন্য দায়িত্ব দেওয়া হয়েছিল। তবে একই বছরের আগস্টে আওয়ামী লীগ সরকারের পতনের পর বাংলাদেশ ব্যাংকে শুরু হওয়া কর্মকর্তা-কর্মচারীদের আন্দোলনের মুখে খুরশীদ আলমসহ তৎকালীন সময়ে নিয়োগ পাওয়া কেন্দ্রীয় ব্যাংকের চার উর্ধ্বতন কর্মকর্তা পদত্যাগ করেন। সবশেষে, নতুন করে তাকে দেশের অন্যতম বৃহৎ বেসরকারি ব্যাংক ইসলামী ব্যাংকের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব দেওয়া হলো।